# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওযূর সময় হাতের আঙ্গুল খেলাল করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِتَخْلِيلِ الْأَصَابِعِ فِي الْوُضُوءِ

আরবী

1084 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ كَثِيرٍ عَنْ عَاصِمِ بْنِ لَقِيطِ بْنِ صَبِرَةَ عَنْ أَبِيهِ قَالَ:قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي عَنِ الْوُضُوءِ قَالَ: (أَسْبِغِ الْوُضُوءَ وَخَلِّلْ بَيْنَ الْأَصَابِعِ وَبَالِغْ فِي الِاسْتِنْشَاقِ إلا أن تكون صائماً)

الراوي : لَقِيط بْن صَبِرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1084 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৮৪. লাকীত বিন সাবিরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি বললাম, “হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে ওযূ সম্পর্কে জানিয়ে দিন।” জবাবে তিনি বলেন, “তুমি পরিপূর্ণভাবে ওযূ করবে, আঙ্গুলসমূহের মাঝে খেলাল করবে এবং খুব ভালভাবে নাকে পানি দিবে, তবে যদি তোমরা সিয়াম পালনকারী হও, (সেটা ভিন্ন কথা)।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৭; মুসনাদু ইমাম শাফি‘ঈ: ১/৩০, ৩১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২১৩; সুনান বাইহাকী: ৭/৩০৩; মুসনাদ আহমাদ: ৪/২১১; দারেমী: ১/১৭৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮০; তাবারানী: ১৯/২১৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১১; ইবনু মাজাহ: ৪০৭; আবূ দাউদ: ২৩৬৬; তিরমিযী: ৭৮৮; নাসাঈ: ১/৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০; আত তায়ালিসী: ১/৫২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ লাকিত্ব ইবনু সাবরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন